# মতভেদের জল্পনা ওড়ালেন রিজিজু

এই সময়, নয়াদিল্লি: দেশের বিচারব্যবস্থার সঙ্গে মোদী সরকারের মতপার্থক্য নিয়ে সংসদের উচ্চকক্ষে সরব তৃণমূল। বৃহস্পতিবার রাজ্যসভায় ইস্যুটি উত্থাপন করেন তৃণমূলের দুই সাংসদ শান্তনু সেন এবং জহর সরকার। শান্তনু বলেন, 'আইন মেনে চলা দেশের সাধারণ নাগরিক হিসেবে একটা বিষয়ে

## কলেজিয়াম বিতর্ক

আমি উদ্বিগ্ন। দেশের আমজনতার মধ্যে একটা ধারণা তৈরি হয়েছে যে, আমাদের সরকার বিচারব্যবস্থার উপরে প্রত্যক্ষ নিয়ন্ত্রণ কায়েম করতে চাইছে। আমার প্রশ্ন, এই ধারণা দূর করার জন্য সরকারের তরফে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?' একই সুরে জহর সরকার জানতে চান, সরকারের সঙ্গে বিচারব্যবস্থার কোনও মতপার্থক্য আছে কি না। এই প্রসঙ্গে সরকারের অবস্থান ব্যাখ্যা করতে গিয়ে আইনমন্ত্রী কিরেন রিজিজু দাবি করেন, 'যে মতপাথর্ক্যের কথা উনি বলছেন, সেটা গণতন্ত্রের অংশ। একটা পরিবার, একটা রাজনৈতিক দলেও মতপার্থক্য হয়। মতপার্থক্যের সমাধানও করা হয়। এই মর্মে তীক্ষ্ণ মতপার্থক্য নেই।'

এর আগে মাদ্রাজ হাইকোর্টের সদ্য নিযুক্ত বিচারপতি ভিক্টোরিয়া গৌরীর নিয়োগ প্রসঙ্গেও কেন্দ্রীয় সরকারের অবস্থান জানতে চান জহর সরকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে এই প্রশ্ন তোলায় আপত্তি জানান সরকারপক্ষের নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল। এর পরেই রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় জানান, এই প্রসঙ্গে আলোচনার প্রশ্ন ওঠে না, কারণ বিচারপতি গৌরীর ব্যাপারে আগেই দেশের শীর্ষ আদালত তাদের রায়দান করেছে।